৪৫

দৈনিক খবর

তারিখ 27 SEP 1991
পৃষ্ঠা ১ কলাম ৫

## ১২ জন গ্রেফতার ।। কাল হরতালের ডাক

# সশস্ত্র হামলায় হতাহত ৪ জন
# রংপুর মেডিকেল কলেজ বন্ধ

রংপুর, ২৬শে সেপ্টেম্বর (নিজস্ব প্রতিনিধি)।– ছাত্রদল নামধারী সন্ত্রাসীদের মেডিকেল ছাত্রাবাসে হামলায় বুধবার মধ্য রাতে একজন নিহত ও তিন জন আহত হয়। এই ঘটনার প্রেক্ষিতে আজ রংপুর মেডিকেল কলেজ অনির্দিষ্টকালের জন্য বন্ধ ঘোষণা করা হয়েছে। এর প্রতিবাদে শনিবার রংপুরে অর্ধদিবস হরতাল আহবান করা হয়েছে। সকল ছাত্র-ছাত্রীকে সকাল ১০টার মধ্যে আবাসিক হল ত্যাগের নির্দেশ দেয়া হয়েছে। কিন্তু ঘটনার পর থেকে ছাত্র-ছাত্রীরা ভীতসন্ত্রস্ত হয়ে হল ছেড়ে পালিয়ে যেতে শুরু করে এবং পুলিশ তাদের অবস্থান ছাড়তে সহায়তা করে। রংপুর মেডিকেল কলেজের হিন্দু ছাত্রাবাসের ৬৪ নং কক্ষে ছাত্রলীগ (না-শ)-এর জেলা শাখা ও কলেজের বেশ কয়েকজন কর্মী আসন্ন কলেজ নির্বাচনের ও সাংগঠনিক ব্যাপারে আলোচনা করছিল। এ সময় রাত সাড়ে ১২টার দিকে আকস্মিকভাবে ৬৪নং কক্ষে বাইর থেকে তালাবদ্ধ এবং জানালার কাঁচ ভেঙ্গে ফেলা হয়। ভাঙ্গা জানালা দিয়ে উপর্যুপরি গুলীবর্ষণ করার ফলে ঘটনাস্থলেই মেডিকেল কলেজ ছাত্র হাফিজুর রহমান হাফিজ (২৫) নিহত এবং আনোয়ার মাহমুদ, রিপন গুলীবিদ্ধ হয়ে আহত অবস্থায় রংপুর মেডিকেল কলেজ হাসপাতালে মৃত্যুর সঙ্গে পাঞ্জা লড়ছে। এর মধ্যে আনোয়ারের অবস্থা আশংকাজনক এবং তাকে ঢাকার পিজিতে পাঠানো হয়েছে বলে জানা গেছে। প্রত্যক্ষদর্শীর মতে, একটি সবুজ রং-এর মাইক্রোবাসে সন্ত্রাসীরা মধ্যরাতে কলেজ ক্যাম্পাসে প্রবেশ করে এবং অকস্মাৎ আক্রমণ চালিয়ে এই নৃশংস হত্যাকান্ড সংঘটিত করে। আহত মাহমুদ জানায়, সন্ত্রাসীরা সকলেই ছাত্রদলের সদস্য। সন্ত্রাসীদের হামলায় ডাঃ পিনু ছাত্রাবাসের আরো ৬টি রুম ভাঙচুর হয়। কক্ষগুলো হলো ৬৩, ৬৪, ৬৫, ৬৮, ৩৯, ৪০। ঐ ঘটনার সাথে জড়িত ১২ জনকে কলেজ ক্যাম্পাসের পিনু ছাত্রাবাস থেকে সশস্ত্র অবস্থায় গতকাল দুপুরে রংপুর কোতোয়ালী থানা পুলিশ গ্রেফতার করেছে এবং জেল হাজতে প্রেরণ করা হয়েছে। উদ্ধারকৃত অস্ত্রের মধ্যে রয়েছে ১টি শেষ পৃষ্ঠায় ২য় কলামে

## রংপুর মেডিকেল কলেজ বন্ধ

প্রথম পৃষ্ঠার পর

কাটা রাইফেল, গুলী ভর্তি দেশীয় তৈরী রিভলভার, ২৩টি চাইনিজ কুড়াল, ১২টি তলোয়ার, ৬টি চাকু, ১টি রামদা, ৩টি ককটেল ও অসংখ্য লোহার রড, হকিস্টিক।

### হাবিবের জানাজা

সন্ত্রাসী ঘটনায় নিহত ছাত্রনেতা হাবিবের নামাজে জানাজা আজ সন্ধ্যায় রংপুর পাবলিক লাইব্রেরী ময়দানে অনুষ্ঠিত হয়। এতে ৮ দল, ৫ দলসহ সর্বস্তরের কয়েক হাজার জনতা অংশগ্রহণ করে। এর পর মুন্সিপাড়া গোরস্থানে তাকে দাফন করা হয়। হত্যাকান্ডের প্রতিবাদে ২৮শে সেপ্টেম্বর শনিবার ভোর ৬টা থেকে বিকেল ২টা পর্যন্ত জাসদ সমর্থিত ছাত্রলীগ (না-শ) রংপুরে সর্বাত্মক হরতালের ডাক দিয়েছে। এ ব্যাপারে স্থানীয় কোতোয়ালী থানায় মামলা দায়ের করেছেন রংপুর মেডিকেল কলেজ ছাত্র সংসদ ভিপি মামুনুর রহমান। মামলার এজাহারে উল্লেখ রয়েছে, তান্না-কাজলের নেতৃত্বে ২৫/৩০ জন ছাত্রদলের সশস্ত্র কর্মী এই নারকীয় হামলা চালায়। তান্নার রিভলভারের গুলীতে হাবিব মারা যায়। স্থানীয় কার্যালয়ে আজ সন্ধ্যায় আহূত এক সাংবাদিক সম্মেলনে এই ঘটনার জন্য ক্ষমতাসীন বিএনপি দলের ছাত্রদলের সন্ত্রাসীদের দায়ী করা হয়।

### হত্যাকান্ডের প্রতিবাদ

কেন্দ্রীয় পাঁচ দলের স্টিয়ারিং কমিটির এক সভার প্রস্তাবে রংপুর মেডিকেল কলেজ হোস্টেলে সশস্ত্র ছাত্রদল কর্মীদের হাতে জাসদ সমর্থিত ছাত্রলীগ নেতা হাবিবুজ্জামানের নির্মম হত্যাকান্ডে গভীর শোক প্রকাশ করা হয়। প্রস্তাবে বলা হয়, বিএনপি সরকার সন্ত্রাসের বিরুদ্ধে ব্যবস্থা নেয়ার যে অঙ্গীকার ব্যক্ত করেছে তা আসলেই আন্তরিক কিনা হাবিবুজ্জামানের হত্যাকারীদের সম্পর্কে গৃহীত ব্যবস্থাতেই তার প্রমাণ পাওয়া যাবে। প্রস্তাবে গ্রেফতারকৃতদের মুক্তি না দেয়া এবং পলাতক আসামীদের বিরুদ্ধে ব্যবস্থা নেয়ার আহবান জানানো হয়। খবর প্রেস বিজ্ঞপ্তির।